শহরের খবর



# আগামী দিনে বাংলায় রাষ্ট্রবাদী সরকার আনব : শুভেন্দু অধিকারী




**প্রতীতি ঘোষ, বারাকপুর :** রবিবার বারাকপুরে হিন্দু জাগরণ মঞ্চের সমর্থনে ৭৫তম স্বাধীনতা দিবস উপলক্ষ্যে তিরঙ্গা যাত্রা হয়। বারাকপুর ওয়ারলেস মোড় থেকে এই বিশাল তিরঙ্গা যাত্রা শুরু করে লালকুঠি ব্রিজ হনুমান মন্দির পর্যন্ত যায়। এরপর এখানে সভা হয়। এদিন এই তিরঙ্গা যাত্রার নেতৃত্ব দেন রাজ্যের বিরোধী দল নেতা শুভেন্দু অধিকারী। মিছিলে শুভেন্দু অধিকারী ছাড়াও ছিলেন হিন্দু জাগরণ মঞ্চের অন্যান্য নেতারা। এদিন বিরোধী দল নেতা শুভেন্দু অধিকারী বলেন, 'গতকাল দিল্লিতে সব রাজ্যের মুখ্যমন্ত্রীকে বলতে দেওয়া হয়েছে, কিন্তু মমতা বন্দ্যোপাধ্যায়কে বলতে দেওয়া হয় নি। আয়োজকরা এটা খুব ভালো করেছে। প্রধানমন্ত্রীর ডাকে দেশে ও দেশের বাইরে যাঁরা থাকেন, তাঁরা সর্বত্র আজাদি কা অমৃত মহোৎসব পালান করবে। আজ ঝুলন যাত্রা এবং বাবা মহাদেবের মাস। শ্রাবন মাস। আমি প্রত্যেককেই হিন্দু সনাতনী সংস্কৃতির শুভেচ্ছা জানাই। আগামী ৯ আগস্ট আমরা ভারত ছাড়ো আন্দোলনের ৮০বছর পালন করব। ১৩ থেকে ১৫ আগস্ট প্রধানমন্ত্রীর ডাকে সর্বত্র 'হর ঘর তিরঙ্গা' পালন করব। ড. শ্যামাপ্রসাদ মুখার্জি চেয়েছিলেন কাশ্মীরে ভারতের পতাকা উঠবে ও ৩৭০ ধারা বাতিল হবে। আমাদের প্রধানমন্ত্রী সেই প্রত্যাশা পুরণ করেছেন। কাশ্মীরে শ্রীনগরের লালচকে আমাদের যুব মোর্চা বজরঙ দলের ভাইরা বিশাল তেরঙ্গা পতাকা নিয়ে বাইক র‍্যালি করেছে। আমরাও পশ্চিমবঙ্গে এটাই করব। দেশবিরোধী শক্তিরা পশ্চিমবঙ্গকে আশ্রয়স্থল করে ফেলেছে। স্বাধীনতার ৭৫তম বর্ষ উপলক্ষ্যে হর ঘর তিরঙ্গা যে কর্মসূচি নেওয়া হয়েছে তা সকলকে মানতে হবে। যাঁরা বাড়িতে তিরঙ্গা লাগাবেন না, তাঁদের দেশদ্রোহী বলা হবে। আমাদের নজর সেদিকে থাকবে। আমরা আগামী দিনে এখানে রাষ্ট্রবাদী সরকার আনব। আর সব জায়গায় 'ভারত মাতা কি জয়' শ্লোগান তুলব। এই পশ্চিমবঙ্গ ভারতীয়দের সনাতনী রাষ্ট্রে পরিণত করব।'

# দুর্গাপুরে সিপিএমের গোষ্ঠীদ্বন্দ্ব প্রকাশ্যে

**সুবীর রায়, দুর্গাপুর :** বেশ কয়েক বছর ধরে পশ্চিম বর্ধমান জেলায় সিপিআই(এম) দলের ২ গোষ্ঠীর মধ্যে দ্বন্দ্ব চলছে। দলের বিরুদ্ধাচরণ করছিলেন অভিযোগে এক প্রাক্তন সাংসদের সঙ্গে মনোমালিন্য চলছে দলের। শনিবার দুর্গাপুরের লাল ময়দানে এক ফুটবল প্রতিযোগিতাকে ঘিরে দ্বন্দ্ব প্রকাশ্যে চলে আসে। প্রতি বছর এখানে সিপিআই(এম) দলের শহিদ আশিস দাসগুপ্ত আর শেখ জব্বরের নামে ফুটবল প্রতিযোগিতা হয়। কিন্তু গত ২ বছর বন্ধ থাকার পর এবছর ফের সিটুর নেতৃত্বে চালু হয়েছে এই ফুটবল প্রতিযোগিতা। শনিবার সেখানেই সিপিআই(এম) দলের প্রাক্তন বিধায়ক সন্তোষ দেব রায়কে সম্মান না দেওয়ায় তিনি প্রতিযোগিতার সমাপ্তি অনুষ্ঠানে না থেকে শহিদদের পোস্টারে নমস্কার করে একাই শহিদ দিবস পালন করেন। শনিবার আশিস মার্কেটে আশিস-জব্বরের স্মরণসভায় না গিয়ে ক্ষোভ প্রকাশ করে তিনি বলেন, 'অতীত ছাড়া বর্তমান অসম্ভব। তাই অতীতকে অবশ্যই মনে রাখতে হবে।' এর প্রতিবাদে প্রাক্তন বিধায়ক আলাদাভাবে শহিদদের প্রতিকৃতিতে মালা দিয়ে এলাকা ছেড়ে চলে যান। দুর্গাপুর ইস্পাত কারখানায় সিটুর সভাপতি বিশ্বরূপ বন্দোপাধ্যায় বলেন, 'উদ্যোক্তারা তাঁদের ভুল স্বীকার করার পরও কেন সন্তোষবাবু এলেন না, তা বুঝতে পারছি না।' সিপিআই(এম) দলের জেলা সভাপতি গৌরাঙ্গ চট্টোপাধ্যায় বলেন, 'কেন তিনি এমন করলেন, তা বোঝা গেল না। আমাকে ওঁর সঙ্গে কথা বলতে হবে।' তৃণমূল নেতা মানস রায় বলেন, 'এভাবেই সিপিএম দলটা ভেঙে চুরমার হয়ে যাবে।'

# দামোদরের গ্রাসে অণ্ডালের ৩টি গ্রাম ও প্রাথমিক স্কুল



**অগ্নি বন্দ্যোপাধ্যায়, অণ্ডাল :** দামোদর নদের ভাঙনে আতঙ্কে দিন-রাত কাটাচ্ছেন পশ্চিম বর্ধমানের অণ্ডালের ৩টি গ্রামের মানুষ। ভাঙনের মুখে এক প্রাথমিক স্কুল ও শ্মশান ঘাট। গ্রামের কিছু সংখ্যক মানুষের অভিযোগ, নিয়ন্ত্রণহীনভাবে বালি তোলা ও বন্যায় নদের পাড় প্রতিনিয়ত ক্ষয়ে যাওয়ায় এই বিপত্তি। বন্যার জলে প্রতি বছর পাড় ভাঙনের জন্য শ্রীরামপুর, মদনপুর, পুবরা ও রামপ্রসাদপুর গ্রামের মানুষ আতঙ্কে ভুগছেন। শ্রীরামপুর গ্রামের বাসিন্দা তথা তৃণমূল নেতা কাঞ্চন মিত্র বলেন, 'এই ৪টি গ্রামের মানুষ বিপদের মুখে রয়েছেন। তবে সবচেয়ে বিপদ শ্রীরামপুর গ্রামে। বন্যার জলের তোড়ে পাড় ধসে এ ভাঙন। ভাঙন খুব দ্রুত এগোচ্ছে। যদি ভাঙন রোধ না হয় তাহলে চাষের জমি থেকে সব গ্রাম নদীগর্ভে চলে যাবে। শ্রীরামপুর গ্রামে মণ্ডলপাড়া, মহন্তপাড়া, ডাঙালপাড়া, মনাচর ভাঙনের মুখে। ১০০০ বিঘা চাষ জমি নষ্ট হয়ে গেছে। আমরা বিষয়টি প্রশাসনকে জানিয়েছি ও আবেদন করেছি।' অন্যদিকে, মদনপুর গ্রামের বাসিন্দা তথা কংগ্রেস নেতা রবীন মিশ্র বলেন, 'অবৈধভাবে বালি তোলার ফলে পাড় ভেঙে দামোদর নদ এগিয়ে আসছে। চাষের জমি গ্রাস করছে। এছাড়া ভাঙনের দোরগোড়ায় এলাকার প্রাথমিক স্কুল ও শ্মশান। কিন্তু প্রশাসনের কোন হেলদোল নেই। আবেদন করে কোনো ফল হয়নি। প্রতি বছর বর্ষায় এলাকার মানুষ ক্রমাগত আতঙ্কে ভুগে চলেছেন।' এ নিয়ে অণ্ডাল বিডিও সুদীপ্ত বিশ্বাস বলেন, 'আমরা এলাকা পর্যবেক্ষণ করেছি। এডিডিএ-র সঙ্গেও কথা হয়েছে। আমি এই বিষয়টি আমার উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানিয়েছি। সমস্যা মেটানোর চেষ্টা চলছে।'

# সংযুক্ত কিষান মোর্চার মিছিলে উত্তাল কলকাতা

**বিশেষ সংবাদদাতা, কলকাতা :** রবিবার কলকাতায় সংযুক্ত কিষাণ মোর্চার 'জয় জওয়ান জয় কিষান' মিছিলে কয়েক হাজার প্রতিবাদী মানুষ শামিল হন। বেশিরভাগ কৃষক পরিবারের যুবকরাই সেনাবাহিনীতে চাকরি পান বলে মিছিলে দাবি ওঠে সেনাবাহিনীতে স্থায়ী পদে নিয়োগ বদলে কেন্দ্রীয় সরকারের অগ্নিপথ প্রকল্পের মাধ্যমে চুক্তি-ভিত্তিক অস্থায়ী নিয়োগ পুরোপুরি বাতিল করতে হবে। আর পশ্চিমবঙ্গে প্রায় এক দশক ধরে মেধাভিত্তিক চাকরিপ্রার্থীদের বঞ্চনা ও ব্যাপক দুর্নীতির বিরুদ্ধেও মিছিলে প্রতিবাদ জানানো হয়। মিছিল মৌলালির রামলীলা পার্ক থেকে বেরিয়ে ধর্মতলায় লেনিন মূর্তির পাদদেশে এসে দাঁড়ায়। সংযুক্ত কিষাণ মোর্চার ৩৬টি শরিক সংগঠন থেকে বাংলার প্রায় সব জেলার কয়েক হাজার কৃষক ছাত্র, যুব, মহিলা ও গণসংগঠনের নাগরিকদের সঙ্গে পায়ে পা মিলিয়ে হাঁটেন। সংযুক্ত কিষাণ মোর্চা ও অন্যান্য সংগঠনের নেতারা বলেন, কৃষক আন্দোলনের হাতে নরেন্দ্র মোদী সরকারের লজ্জাজনক পরাজয়ের পর কৃষকদের ওপর প্রতিশোধ নেওয়ার জন্য অগ্নিপথ প্রকল্প চালু করা হয়েছে। কারণ অধিকাংশ জওয়ান কৃষক পরিবার থেকেই আসেন। এই প্রকল্প তাঁদের স্থায়ী চাকরি থেকে বঞ্চিত করার ষড়যন্ত্র। সংযুক্ত কিষাণ মোর্চা তাই দৃঢ় প্রতিজ্ঞ, কেন্দ্রীয় সরকারকে কৃষক পরিবারের অর্থনৈতিক ভিতকে ধ্বংস করতে দেওয়া যাবে না। অগ্নিপথ প্রকল্প দেশের সীমান্তের নিরাপত্তার প্রয়োজনের সঙ্গে পুরোপুরি বিশ্বাসঘাতকতা করছে। প্রধানমন্ত্রী বেপরোয়া ভাবে জাতীয় স্বার্থের বিরুদ্ধে কাজ করছেন। দিল্লিতে কৃষক আন্দোলনের পর দেওয়া বিভিন্ন প্রতিশ্রুতি পূরণে কেন্দ্রীয় সরকার বিশ্বাসঘাতকতা করেছে। তাই তার বিরুদ্ধে সংযুক্ত কিষাণ মোর্চার সারা দেশ জুড়ে আন্দোলনের অংশ 'জয় জওয়ান জয় কিষাণ' মিছিল। এদিন বক্তারা পশ্চিমবঙ্গে চাকরিপ্রার্থীদের করুণ অবস্থার কথাও তুলে ধরেন। তাঁরা বলেন, 'বাংলার শাসক দল চাকরি নিয়ে যে দুর্নীতি করছে তা বেনজির। এই দুর্নীতি ও কেলেঙ্কারির জন্য মুখ্যমন্ত্রী সরাসরি দায়ী। এখানের যুব সমাজের ভবিষ্যৎ লুঠ হচ্ছে। দলের নেতারা বাংলার জনগণের সঙ্গে প্রতারণা করে বিপুল সম্পত্তির মালিক হচ্ছে।'

# কর্পোরেট ম্যানেজার ও মন্ত্রী আজ কয়েদি পার্থ চ্যাটার্জির রবিবারের মেনুর হাল বদল



**উজ্জ্বল দত্ত, কলকাতা :** নয়ের দশকে অ্যান্ড্রু ইয়ুলের কর্পোরেট চাকরিজীবনে পার্থ চট্টোপাধ্যায়ের রবিবারের মেনুতে নিয়ম করে থাকত বাহারি খাবারের ব্যবস্থা। তারপর রাজনীতিতে নামতে বদলাতে শুরু করে খাবারের রবিবারের মেনু। এখন কয়েদি হওয়ার পর সেই মেনুও বদলে গেছে। কর্পোরেট সংস্থায় চাকরির সময় রবিবারের ব্রেকফাস্টে থাকত পরোটা, তরকারি, জিলিপি। কখনো-সখনো লুচি, সাদা আলুর তরকারি, সন্দেশ। তবে ভাজা থাকতই। কারণ ভাজা খেতে ভীষণ পছন্দ করতেন। ম্যানেজমেন্ট বস পার্থ চট্টোপাধ্যায়ের রবিবারের মধ্যাহ্নভোজে থাকত ভাত, ডাল, একাধিক ভাজা, তরকারি আর নেতাজীনগরের এক হোটেলের মাছের মুড়ো। তবে মাঝেমধ্যে রবিবার দুপুরে পাঁঠার মাংস হত। এরপর রাজনৈতিক দলের গুরুদায়িত্ব কাঁধে আসার পরই রবিবার ব্রেকফাস্ট মাস্ট থাকলেও বাকি আহারে এল বদল। তখন সকাল থেকেই তাঁর নাকতলার বাড়িতে মেদিনীপুর, ঝাড়গ্রাম, হুগলি, নদিয়া বা দক্ষিণ ২৪ পরগনার দলের ছোটো বড়ো নেতা ও কর্মীদের ভিড় লেগেই থাকত। তাঁদের পেট ভরানোর জন্য নেতাজীনগরের ভাতের হোটেলের ভাত-ডাল-মাছ ভাজা ছিল ভরসা। আর পার্থ চট্টোপাধ্যায়ের জন্য দুপুরের খাবারে আসত সেই মাছের মুড়ো আর ভাজা ও ঝোলে দেওয়া মাছ। সূত্রের খবর, এসময় অনেক রবিবার ভাত খেতেন না। আর লাঞ্চ করতেন বিকেল ৩টের সময়। রুটি, মাছের মুড়ো বা পাঁঠার মাংস থাকত তাঁর প্লেটে। রবিবারে আরও বদল আসে বিধায়ক হওয়ার পরে রাজনৈতিক কর্মকাণ্ডে ব্যস্ত হয়ে পড়েন। তাই রবিবারের মেনু হয়ে যেত অনিয়মিত। ব্রেকফাস্ট পরোটা-তরকারি-চা খেয়ে বেরিয়ে পড়তেন বেহালার দিকে। যখন বিরোধী দলনেতা ছিলেন, মাসে একটা রবিবার সন্ধ্যাবেলা নিয়ম করে চলে আসতেন ধর্মতলার এক পত্রিকা অফিসে। সেখানে বসে পছন্দের এক সাংবাদিককে দিয়ে আনাতেন প্রেস ক্লাবের ভেটকি মাছের গরম ২টো ফ্রাই আর মুড়ি। ইদানিং বেহালা পার্টি অফিসেই দুপুরের খাবার সারতেন বিকেলে। সেখানে রুটি-মটন কখনও আবার রুটি-চিলি চিকেন। কখনো আবার রুটি আর মাছের মুড়োর ঝোল খেয়ে কাটাতেন। সন্ধ্যা হলেই তেলে ভাজা, সিঙ্গারা। কোনো কোনো রবিবার ১টা অন্তত জিলিপি খেতেন। স্ত্রী ও মায়ের মৃত্যুর পর অনেক অভ্যাসে বদল এনেছিলেন। রবিবারের দুপুরে ভাত-ডালের বদলে রুটি, মটন, মাছের মুড়ো, ভাজা মাছ থাকত। সন্ধ্যায় কখনো ঘুগনি, কখনো রোল, কখনো চিলি চিকেন থাকত। পেশাগত দায়বদ্ধতায় জীবনধারা বদলালেও বদলায়নি মটন-মাছের মুড়ো আর বাহারি স্বাদের ভাজা-পোড়া খাবারের ভালোবাসা। এখন রবিবার পার্থ চট্টোপাধ্যায়ের ঠিকানা প্রেসিডেন্সি জেল। কয়েদি নম্বর ৯৪৩৭৯৯। রবিবার ব্রেক ফাস্টে পেয়েছেন লিকার চা আর ১টা বাটার টোস্ট। লাঞ্চে খেলেন ডাল, ১ হাতা ভাত, ল্যাবড়া, মুরগির ২ টুকরো মাংস। মুরগির মাংস একেবারেই অপছন্দ। তবু প্রথম রবিবারের দুপুরে পাতে নিতে হল জেলের খানা।

# হাওড়ায় সমবায় ব্যাঙ্কের অবসরপ্রাপ্ত কর্মী আত্মঘাতী

**ভাস্কর বিশ্বাস, হাওড়া :** রবিবার সকালে হাওড়ার জগাছা থানা এলাকায় অর্থনৈতিক সমস্যার কারণে মানসিক অবসাদে সমবায় ব্যাঙ্কের অবসরপ্রাপ্ত সরকারি কর্মী অমরেন্দ্র মোহন মাইতি (৬৭) আত্মহত্যা করেন। জানা গেছে, তিনি অবসর নেওয়ার প্রায় ৫ বছর পর আদালতের নির্দেশে পেনশন চালু হয়েছিল। কিন্তু গত জুন মাসের পর থেকে আবার নতুন করে তাঁর পেনশন বন্ধ হয়ে যায়। এরপর থেকেই তিনি মানসিক অবসাদে ভুগছিলেন। পরিবারের অবস্থা সচ্ছল ছিল না। চিকিৎসার খরচ জোগানো প্রায় অসম্ভব হয়ে উঠেছিল। এসব কারণেই মানসিক অবসাদে তিনি আত্মহত্যার পথ বেছে নেন। পরিবারের দাবি, তিনি মৃত্যুর কারণ হিসেবে ৪ পাতার সুইসাইড নোট লিখে গেছেন। পুলিশ তদন্ত শুরু করেছে। মৃতের মেজো ভাই রাজেন্দ্র মোহন মাইতি বলেন, 'দাদা কো-অপারেটিভ ব্যাঙ্কে সরকারি চাকরি করতেন। ওয়েস্ট বেঙ্গল স্টেট কো-অপারেটিভ এগ্রিকালচার রুরাল ডেভলপমেন্ট ব্যাঙ্কের কর্মচারী ছিলেন। ২০১৫ সালে দাদা ব্যাঙ্কের ক্যাশিয়ার হিসেবে অবসর নেন। অবসরের পর থেকে ২০১৯ সাল পর্যন্ত পেনশন পাননি। কোর্টের রায়ের পর ২০২০ সালে তাঁর পেনশন চালু হয়। সেই পেনশন ২০২২ সালের মে মাস পর্যন্ত পেয়েছেন। জুন থেকে পেনশন ফের বন্ধ হয়ে যায়। এর ফলে দাদা অর্থনৈতিক সমস্যায় পড়েন। বার্ধ্যক্যজনিত রোগের চিকিৎসা করাতে পারতেন না। তাঁর মাসে সেভিংস থেকে আয় ছিল মাত্র ৮০০০ টাকা। সেই কারণেই সম্ভবত নিজের ঘরে ফ্যানে গলায় দড়ি লাগিয়ে আত্মহত্যা করেন। সুইসাইড নোটে তিনি পেনশন দফতরের বিরুদ্ধেও অভিযোগ করেন। পুলিশ সুইসাইড নোটটি বাজেয়াপ্ত করেছে।'

# আসানসোলে ২ মন্ত্রীকে সংবর্ধনা

**রবীন্দ্রনাথ প্রামাণিক, আসানসোল :** রবিবার তৃণমূল ছাত্র পরিষদের পশ্চিম বর্ধমান জেলার পক্ষ থেকে আসানসোলের রবীন্দ্রভবনে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী প্রদীপ মজুমদার আর শ্রম ও আইনমন্ত্রী মলয় ঘটককে সংবর্ধনা দেওয়া হয়। ছিলেন আসানসোল পুরনিগমের চেয়ারম্যান অমরনাথ চ্যাটার্জি, তৃণমূল ছাত্র পরিষদের পশ্চিম বর্ধমান জেলা সভাপতি কৌশিক মণ্ডল ও আরো অনেকে। এদিন পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন দফতরের মন্ত্রী প্রদীপ মজুমদার বলেন, 'এতদিন ধরে আমি দল তথা রাজ্যের মুখ্যমন্ত্রীর নির্দেশে গ্রামীণ অর্থনীতির কাজ করে গেছি। তাই পঞ্চায়েত দফতরের দায়িত্ব ও পরিসর বড়ো হলেও কাজের গতি প্রকৃতি অনেকটা একইরকম। তাই দফতরের দায়িত্ব সামলাতে খুব বেশি সমস্যা হওয়ার কথা নয়। রাজ্য সরকারের সব প্রকল্পের সফল রূপায়ণই আমার প্রধান লক্ষ্য। আসন্ন পঞ্চায়েত ভোটে ইডি ও সিবিআইয়ের তদন্ত বিশেষ কোনো প্রভাব ফেলতে পারবে না। কারণ সাধারণ মানুষ সরকারি প্রকল্পের সফল রূপায়ণে তার সুবিধা পেতে চায়। সেদিক থেকে রাজ্যে তৃণমূলের সরকার যথেষ্ট দক্ষতার সঙ্গে রাজ্যের সাধারণ মানুষকে সঙ্গে নিয়ে কাজ করে চলেছে। দুয়ারে সরকার তার প্রকৃষ্ট উদাহরণ।' তবে চাকরি নিয়োগ সংক্রান্ত পরীক্ষা দুর্নীতি ও টাকা উদ্ধারের বিষয়টি বিচারাধীন বলে তিনি মন্তব্য করেননি। অন্যদিকে, ছাত্র পরিষদের সংবর্ধনা অনুষ্ঠান শেষে 'ফিটমিস্ক জুমবার'এর পক্ষ থেকে ২ মন্ত্রীর হাতে উত্তরীয় ও গাছের চারা তুলে দেওয়ার মাধ্যমে সংবর্ধনা জানানো হয়। আসানসোলের মহিলা থানার লাগোয়া উদ্যানে পরে ওইসব গাছের চারা রোপণ করা হয়।

# পারিবারিক ঈর্ষা ও শত্রুতার জেরে খুন হতে হল টিকিয়াপাড়ার নবজাতককে

**নিজস্ব সংবাদদাতা, হাওড়া :** পারিবারিক ঈর্ষা ও শত্রুতার জেরেই ৪ দিনের হাসান রাজাকে খুন হতে হল। জেরায় পুলিশের কাছে এমনই চাঞ্চল্যকর স্বীকারোক্তি শিশুটির জেঠিমা শামা পারভিনের। শনিবার তদন্তে নেমে পারিপার্শ্বিক প্রমাণ দেখে শামার ওপর পুলিশের সন্দেহ বাড়ে। জিজ্ঞাসাবাদ করলে তার বয়ানে অসংলগ্নতা পাওয়া যায়। এরপরই আটক করে তাকে থানায় নিয়ে আসা হয়। দফায় দফায় জেরা করার পর অবশেষে পুলিশি জেরায় ভেঙে পড়ে শামা নিজের অপরাধের কথা স্বীকার করে। পুলিশ জানায়, খুনের ব্যাপারে তার কাছ থেকে আরো বেশ কিছু সূত্র পাওয়া গেছে। তবে তদন্তের স্বার্থে পুলিশ তা প্রকাশ করতে চায়নি। রবিবার অভিযুক্তকে হাওড়া জেলা আদালতে নিয়ে আসা হলে বিচারক ৫ দিনের পুলিশি হেফাজতের আদেশ দেন। প্রসঙ্গত উল্লেখ্য, গত বৃহস্পতিবার সকাল থেকে হাওড়ার টিকিয়াপাড়ার ২০, শ্রীনাথ পোড়েল লেনের আবাসনের ৪তলার ফ্ল্যাট থেকে আচমকাই শিশুটি নিখোঁজ হয়ে যায়। রাতে মায়ের পাশেই ঘুমিয়ে থাকলেও সকালবেলা ঘুম থেকে ওঠার পর থেকেই আর শিশুকে দেখতে পাননি তার বাবা-মা। বাড়ির ছাদে শিশুটির কিছু জামাকাপড় দেখার পরে এলাকার সব বাড়ির ছাদ সহ বিভিন্ন জায়গায় এলাকার মানুষ শিশুটির খোঁজ চালান। কিন্তু কোনো সন্ধান মেলেনি। এ নিয়ে পুলিশেও জানানো হয়। এরপর শনিবার সকালে বাথরুমের কলের জলে রক্ত দেখে ও দুর্গন্ধ পেয়ে পরিবারের সন্দেহ হলে বাথরুমের ওপর থাকা ট্যাঙ্কের ভেতর থেকে শিশুটির মৃতদেহ উদ্ধার হয়। ঘটনাস্থলে পুলিশ আসে। ধৃতের বিরুদ্ধে ভারতীয় দণ্ডবিধির খুন অপহরণ সহ একাধিক ধারায় মামলা রুজু করা হয়েছে।

# ওবিসি শংসাপত্র নিয়ে সমস্যা দেখা দিতে পারে

**নিজস্ব সংবাদদাতা, বর্ধমান :** আসন্ন পঞ্চায়েত ভোটের জন্য এরমধ্যেই নির্বাচন কমিশনের নির্দেশে আসন বিন্যাসের কাজ শুরু হয়েছে। আর এই আসন বিন্যাসের কাজ করতে গিয়েই নতুন করে সমস্যা দেখা দিতে পারে বলে তৃণমূল কংগ্রেসের এসসি ওবিসি সেলের রাজ্য সহ সভাপতি উজ্জ্বল প্রামাণিক আশঙ্কা প্রকাশ করেন। তিনি জানান, 'যে আসন বিন্যাসের কাজ শুরু হয়েছে তাতে বুথ লেভেল অফিসাররা বাড়ি বাড়ি গিয়ে সার্ভে করবেন। নিয়মানুযায়ী বাড়ির লোকরা তাঁদের জাতিগত ও সম্প্রদায়গত যে বিবরণ দেবেন তাই লিপিবদ্ধ হবে। এমনকী সেই অনুযায়ী তালিকাও তৈরি হবে। কিন্তু কোনো পরিবার বা ব্যক্তি নিজেকে ওবিসি বলে বুথ লেবেল অফিসারকে জানালে তাঁর ওবিসি তালিকায় নাম উঠেও যাবে। পরে সেই ব্যক্তিই জনপ্রতিনিধিদের কাছে কিংবা সরকারের কাছে ওবিসি সার্টিফিকেট চাইবেন। ফলে তা নিয়ে সকলকেই রীতিমতো জেরবার হতে হবে। এসসি, এসটি ও ওবিসি সবক্ষেত্রেই সার্টিফিকেট দেওয়ার জন্য সরকারি গাইড লাইন রয়েছে। কিন্তু নির্বাচন কমিশনের ক্ষেত্রে বাড়ি বাড়ি সার্ভে করে নাম তালিকাভুক্তের ক্ষেত্রে এই সার্টিফিকেট দেখার বিষয়টি স্পষ্ট নয়। ফলে আগামীদিনে ওবিসি সার্টিফিকেট নিয়ে চরম সমস্যা দেখা দিতে পারে। এ নিয়ে এরমধ্যেই জেলাশাসকের দৃষ্টি আকর্ষণ করেছি। এ ধরনের সমস্যা যাতে না আসে সেজন্য জেলাশাসকের কাছে আবেদনও জানিয়েছি।'

**NAME CHANGE**

I, Priyanka Bothra, W/o Kunal Bothra residing at 1 Auckland Square, Circus Avenue, Kol-17 do hereby solemnly affirm and state that, I am giving this declaration in behalf of my minor child Yahvi Bothra D/o-Kunal Bothra residing Same, will henceforth be known as Divisha Bothra by virtue of an affidavit dt. 07.07.2022 sworn before M. Magistrate, Calcutta for all purposes of records and evidence.

**BANSBERIA MUNICIPALITY**
**TENDER NOTICE**

The Chairman, Bansberia Municipality invites e-Tenders from bonafide Contractors for below mentioned **WBMAD/CHAIRMAN/BNS/ENGG/2022-23/TN-4 Dated-08/08/2022.** For details log on to **www.wbtenders.gov.in**

**Sd/- Chairman**
**Bansberia Municipality**

**ওয়্যারস অ্যান্ড ফেব্রিক্স (এস.এ.) লিমিটেড**

রেজিস্টার্ড অফিস : ৭ চিত্তরঞ্জন অ্যাভেনিউ, কলকাতা - ৭০০ ০৭২
ই-মেল : cs@wirefabrik.com, CIN : L29265WB1957PLC023379

**৩০ জুন, ২০২২ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের একমেবাদ্বিতীয়ম অনিরীক্ষিত আর্থিক ফলাফল** (লাখ টাকায়)

| বিবরণ | সমাপ্ত ত্রৈমাসিক | |
|---|---|---|
| | ৩০.০৬.২০২২ | ৩০.০৬.২০২১ |
| কাজের থেকে মোট আয় | ২৩৮১.২০ | ১৯৯৫.৭৩ |
| এই পর্ব থেকে প্রকৃত লাভ / (ক্ষতি) (করের, ব্যতিক্রমী এবং /অথবা অতিরিক্ত দফার আগে) | ১১.৩১ | ৫.১৮ |
| করের আগে এই পর্ব থেকে প্রকৃত লাভ / (ক্ষতি) (ব্যতিক্রমী এবং / অথবা অতিরিক্ত দফার পর) | ১১.৩১ | ৫.১৮ |
| করের পর এই পর্ব থেকে প্রকৃত লাভ / (ক্ষতি) (ব্যতিক্রমী এবং / অথবা অতিরিক্ত দফার পর) | ১৬.০১ | ১৪.১০ |
| এই পর্বের জন্য মোট বিস্তৃত আয় (এই পর্ব থেকে বিস্তৃত আয় / (ক্ষতি) ও অন্যান্য বিস্তৃত আয় করের পর) | ১৬.০১ | ১৪.১০ |
| ইক্যুইটি শেয়ার মূলধন | ৩০৫.৬৩ | ৩০৫.৬৩ |
| শেয়ার প্রতি আয় (প্রত্যেকটি ১০/- টাকা করে) | | |
| অ. মূল | ০.৫২ | ০.৪৬ |
| আ. লঘুকৃত | ০.৫২ | ০.৪৬ |

**দ্রষ্টব্য :** সেবি (লিস্টিং অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস ২০১৫এর ৩৩নং ধারা অনুযায়ী স্টক এক্সচেঞ্জে কোম্পানির আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ হিসাবে দেখানো হল। সমাপ্ত ত্রৈমাসিকের আর্থিক ফলাফলের বিস্তারিত বিবরণ পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট **www.bseindia.com** ও কোম্পানির ওয়েবসাইট **www.wirefabrik.com**।

ওয়্যারস অ্যান্ড ফেব্রিক্স (এস.এ.) লিমিটেড-এর পক্ষে
এম খৈতান
(ম্যানেজিং ডিরেক্টর)
DIN : 00459612

স্থান : জয়পুর
তারিখ : ০৬.০৮.২০২২

পেপার মেশিন ক্লথিং * পেপার মেকিং কেমিক্যালস

**ডিদেব প্লাস্টিকস ইন্ডাস্ট্রিজ লিমিটেড**

CIN : U24290WB2020PLC241791
রেজিস্টার্ড অফিস : ২বি, প্রিটোরিয়া স্ট্রীট, কলকাতা - ৭০০০৭১
ফোন : ৯১-০৩৩-২২৮২ ৩৭৪৪ / ৩৭৪৫/ ৩৬৯৯ / ৩৬৭১, ফ্যাক্স : ৯১-০৩৩-২২৮২ ৩৭৩৯
ই-মেল : kolkata@ddevgroup.in, ওয়েবসাইট : www.ddevgroup.in

**৩০ জুন, ২০২২ তারিখে সমাপ্ত প্রথম ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ**

(লাখ টাকায়, শেয়ার প্রতি ডেটা বাদে)

| ক্র. নং | বিবরণ | একমেবাদ্বিতীয়ম | | |
|---|---|---|---|---|
| | | সমাপ্ত ত্রৈমাসিক | | সমাপ্ত বছর |
| | | ৩০.০৬.২০২২ (অনিরীক্ষিত) | ৩০.০৬.২০২১ (অনিরীক্ষিত) | ৩১.০৩.২০২২ (নিরীক্ষিত) |
| ১. | কাজের থেকে মোট আয় | ৫৩৭১২.৯৩ | ৫০৫৫৭.১২ | ২২২৬৯০.২৮ |
| ২. | এই পর্ব থেকে প্রকৃত লাভ / (ক্ষতি) (কর, ব্যতিক্রমী এবং / অথবা অতিরিক্ত দফার আগে) | ১৯২৮.০৩ | ১৩৬৮.২৬ | ৭৫৫৯.৬৫ |
| ৩. | করের আগে এই পর্ব থেকে প্রকৃত লাভ / (ক্ষতি) (ব্যতিক্রমী এবং / অথবা অতিরিক্ত দফার পর) | ১৯২৮.০৩ | ১৩৬৮.২৬ | ৭৫৫৯.৬৫ |
| ৪. | করের পর এই পর্ব থেকে প্রকৃত লাভ / (ক্ষতি) (ব্যতিক্রমী এবং / অথবা অতিরিক্ত দফার পর) | ১৪৩২.০১ | ১০৬৩.১৩ | ৫৪৭৮.০৯ |
| ৫. | এই পর্বের জন্য মোট বিস্তৃত আয় (এই পর্ব থেকে বিস্তৃত আয় / (ক্ষতি) (করের পর) ও অন্যান্য বিস্তৃত আয় (করের পর)) | ১৪৩২.০১ | ১০৬৩.১৩ | ৫৪৪৩.০১ |
| ৬. | সহযোগী / সংযুক্ত সংস্থার করের পর প্রকৃত লাভ ও লাভের শেয়ার | ১৪৩২.০১ | ১০৬৩.১৩ | ৫৪৪৩.০১ |
| ৭. | ইক্যুটি শেয়ার মূলধন | ৯৪০.৭৩ | ৯৪০.৭৩ | ৯৪০.৭৩ |
| ৮. | বিগত বছরের নিরীক্ষিত ব্যালান্সশীট অনুযায়ী সংরক্ষণ (পুনর্মূল্যায়ণ সংরক্ষণ ব্যতীত) | | | ৩৮২৪৯.২০ |
| ৯. | শেয়ার প্রতি আয় (প্রতিটি ২টাকা করে) (চালু ও বন্ধ হয়ে যাওয়া কার্যকলাপের জন্য) | | | |
| | মূল : | ১.৫২ | ১.১৩ | ৫.৮২ |
| | লঘুকৃত: | ১.৫২ | ১.১৩ | ৫.৮২ |

**দ্রষ্টব্য :**

(১) সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্ট) রেগুলেশনস ২০১৫এর ৩৩নং ধারা অনুযায়ী ওপরের বিবরণীটি কোম্পানীর ৩০.০৬.২০২২ তারিখে সমাপ্ত প্রথম ত্রৈমাসিক ও বছরের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ হিসাবে দেখানো হল ও স্টক এক্সচেঞ্জে নথিভুক্ত করা হল। ৩০.০৬.২০২২ তারিখে কোম্পানীর এই সমাপ্ত প্রথম ত্রৈমাসিকের বিস্তারিত অনিরীক্ষিত আর্থিক ফলাফল পাওয়া যাবে বিএসই লিমিটেড-এর ওয়েবসাইট বিএসই লিমিটেড www.bseindia.com ও ক্যালকাটা স্টক এক্সচেঞ্জ লিমিটেড-এর ওয়েবসাইট www.cse-india.com ও কোম্পানীর ওয়েবসাইট www.ddevgroup.in-এ।

(২) উপরোক্ত ৩০.০৬.২০২২ তারিখে সমাপ্ত প্রথম ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলটি ০৬.০৮.২০২২ তারিখে অনুষ্ঠিত বৈঠকে কোম্পানীর নিরীক্ষকগণ দ্বারা নিরীক্ষিত হয়েছে ও কোম্পানীর পরিচালকবর্গের দ্বারা অনুমোদিত হয়েছে। কোম্পানীর সংবিধিবদ্ধ নিরীক্ষকগণ দ্বারা ফলাফলটির লিমিটেড রিভিউ সম্পাদিত হয়েছে।

(৩) কোম্পানিটি প্রাথমিকভাবে প্লাস্টিকের বিভিন্ন ধরনের দানা নিয়ে কাজ করে, যা যথারীতি সিঙ্গল রিপোর্টিং সেগমেন্ট হিসাবে গড়ে উঠেছে। 'ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ড ১০৮ অপারেটিং সেগমেন্ট' অনুযায়ী কোম্পানিটি সিঙ্গল সেগমেন্ট কোম্পানি।

(৪) ন্যাশনাল কোম্পানি ল ট্রাইবুনাল (এনসিএলটি) কর্তৃক অনুমোদিত ০৪.০৩.২০২২ তারিখে জারি করা আদেশ অনুযায়ী, নির্ধারিত ০১.০৪.২০২১ তারিখে নিবন্ধীত ও ০১.০৪.২০২২ তারিখ থেকে কার্যকরী রেজিস্ট্রার অফ কোম্পানির কাছে নিবন্ধনের জন্য বর্তমান সময়ের পরিসংখ্যানের সঙ্গে প্রয়োজন মতো সামঞ্জস্য রাখতে এবং অ্যাকাউন্টিংয়ের জন্য সংশ্লিষ্ট পূর্ববর্তী সময়ের পরিসংখ্যানগুলি যেখানে প্রয়োজন সেখানে পুনরায় গোষ্ঠীবদ্ধ / পুনরায় শ্রেণিবদ্ধ করা হয়েছে।

(৫) কোম্পানির ইক্যুইটি শেয়ার ২৬.০৭.২০২২ তারিখে বোম্বে স্টক এক্সচেঞ্জে নথিভুক্ত করা হয়েছে।

(৬) ২৮ মে ২০২২ তারিখে অনুষ্ঠিত কোম্পানির পরিচালন পর্ষদের সভায়, কোম্পানির সদস্যদের চূড়ান্ত লভ্যাংশ হিসাবে ২৪%, অর্থাৎ ৩১.০৩.২০২২ তারিখে সমাপ্ত অর্থবর্ষের জন্য ৯,৪০,৭২,৯৩০ ইক্যুইটি শেয়ারের প্রতিটি ১ টাকা হিসাবে প্রত্যেকটিতে ০.২৪ পয়সা ইক্যুইটি শেয়ার হিসাবে দেওয়ার জন্য অনুমোদন দেওয়া হয়েছে।

ডিদেব প্লাস্টিকস ইন্ডাস্ট্রিজ লিমিটেড-এর পক্ষে
স্বাঃ/-
ডিদেব সুরানা
(DIN : 08357094)
হোল-টাইম ডিরেক্টর

স্থান : কলকাতা
তারিখ : ০৬.০৮.২০২২

# বর্ধমানে স্কুলের বিল্ডিং, এক শিক্ষিকা, এক অশিক্ষক কর্মী থাকলেও কোনো ছাত্রী নেই




**বিপুন ভট্টাচার্য, বর্ধমান :** ছাত্রীর অভাবে বর্ধমান ১নং ব্লকের কুড়মুন উচ্চপ্রাথমিক বালিকা বিদ্যালয় কার্যত বন্ধের মুখে এসে দাঁড়িয়েছে। ছাত্রীরা আর স্কুলে ভরতি হতে চাইছে না। ফলে স্কুলের ভবিষ্যত নিয়ে চরম হতাশা দেখা দিয়েছে। যদিও এই হতাশা কাটিয়ে ওঠার জন্য বর্ধমান ১নং ব্লক প্রশাসন লাগাতার চেষ্টা চালাচ্ছেন। এরমধ্যেই সংশ্লিষ্ট বিভিন্ন দফতরে স্কুলকে বাঁচানোর জন্য আবেদন নিবেদনও জানানো হয়েছে। প্রতিদিন নিয়ম করে শিক্ষিকা ও অশিক্ষক কর্মচারী আসলেও কোনো ছাত্রী নেই। স্কুল বিল্ডিং ভেঙে পড়ছে, বিদ্যালয় প্রাঙ্গণে গোরু চরছে, বেঞ্চ জুড়ে ধুলোর আস্তরণ। এমনকী বিদ্যালয় প্রাঙ্গণে নানা অসামাজিক কার্যকলাপ চলছে বলেও স্থানীয়রা অভিযোগ তোলেন। বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষিকা অপরূপা রায় জানান, '২০১০ সালে তৈরি হওয়ার পর সেই বছরই প্রায় ১০০ জন ছাত্রী নিয়ে স্কুলের পড়াশোনা শুরু হয়। সেসময় ৪ জন শিক্ষিকা ছিলেন। ধীরে ধীরে ছাত্রীর সংখ্যা কমতে শুরু করে। গত ৩ বছর ধরে স্কুলে নতুন করে কোনো ছাত্রী ভরতি হয়নি। ২০২০-২১ বর্ষে স্কুলে ৩ জন ছাত্রী থাকলেও তারা পাশ করে যাওয়ার পর এখন স্কুলে কোনো ছাত্রীই নেই। আমি আর একজন অশিক্ষক কর্মচারী কেবলমাত্র আছি। স্কুলে পঞ্চম থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত পড়াশোনা হয়। এখন আবার প্রাথমিক বিদ্যালয়েও পঞ্চম শ্রেণির পড়াশোনা হচ্ছে। তাই শুধুমাত্র ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণির জন্য ছাত্রীদের আর এই স্কুলে অভিভাবকরা ভরতি করতে চাইছেন না। কারণ নবম ও দশম শ্রেণির জন্য আবার তাদের অন্য স্কুলে ভরতি করতে হচ্ছে। তাই এই সমস্যা দেখা দিচ্ছে।' স্থানীয়রা জানান, এলাকাবাসীদের দাবি মেনে ২০১০ সালে এই স্কুল তৈরি হয়। এমনকী গ্রামেরই কয়েকজন স্কুলের জন্য জমিও দান করেন। স্কুলটি আবার তার পুরোনো গৌরব আবার ফিরে পাক। আর তার জন্য স্কুলকে মাধ্যমিক পর্যন্ত উন্নীত করতে হবে। যদিও এ নিয়ে বর্ধমান ১ নং ব্লকের শিক্ষা কর্মাধ্যক্ষ কৃষ্ণেন্দু গোস্বামী জানান, 'স্কুলটি তার পুরোনো অবস্থায় ফিরে আসুক আমরাও চাই। এজন্য আমাদের পক্ষ থেকেও শিক্ষা দফতরকে আবেদন করা হয়েছে। স্কুলটিকে মাধ্যমিক পর্যন্ত উন্নীত করা গেলে এই সমস্যা মিটে যাবে।'

# usha martin®

## Unaudited Consolidated Financial Results for the Quarter ended 30th June, 2022

(₹ in Lakhs)

| Sl. No. | Particulars | Quarter ended 30th June, 2022 (Unaudited) | Year ended 31st March, 2022 (Audited) | Corresponding quarter ended 30th June,2021 (Unaudited) |
|---|---|---|---|---|
| 1 | Total Income from Operations | 75,869 | 2,68,807 | 61,530 |
| 2 | Net Profit / (Loss) for the period (before Tax, Exceptional and/or Extraordinary items) | 10,330 | 31,510 | 7,041 |
| 3 | Net Profit / (Loss) for the period before tax (after Exceptional and/or Extraordinary items) | 10,330 | 34,628 | 7,041 |
| 4 | Net Profit / (Loss) for the period after tax (after Exceptional and/or Extraordinary items) | 8,223 | 29,143 | 5,807 |
| 5 | Total Comprehensive Income for the period [Comprising Profit / (Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)] | 7,546 | 29,033 | 6,869 |
| 6 | Equity Share Capital | 3,054 | 3,054 | 3,054 |
| 7 | Reserves (excluding Revaluation Reserve) as shown in the Audited Balance Sheet of the previous year | - | 1,66,313 | - |
| 8 | Earnings Per Share (of Re.1/- each) | | | |
| | 1.Basic | 2.69 | 9.56 | 1.90 |
| | 2.Diluted | 2.69 | 9.56 | 1.90 |

## Unaudited Standalone Financial Results for the Quarter ended 30th June, 2022

(₹ in Lakhs)

| Sl. No. | Particulars | Quarter ended 30th June, 2022 (Unaudited) | Year ended 31st March, 2022 (Audited) | Corresponding quarter ended 30th June,2021 (Unaudited) |
|---|---|---|---|---|
| 1 | Turnover | 51,556 | 1,81,005 | 40,266 |
| 2 | Profit before tax | 7,143 | 25,344 | 4,739 |
| 3 | Profit after tax | 5,366 | 21,131 | 3,452 |
| 4 | Total comprehensive income/(loss) for the year | 5,376 | 21,316 | 3,449 |

**Note:**
The above is an extract of the unaudited standalone and consolidated financial results for the quarter ended 30.06.2022 filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015. The full financial results for the quarter ended 30.06.2022 are available on the websites of the Stock Exchange(s) where the equity share of the Company are listed i.e., www.nseindia.com & www.bseindia.com and also on the Company's website www.ushamartin.com.

Place : Kolkata
Date : 6th August, 2022

Rajeev Jhawar
Managing Director

## Usha Martin Limited

Registered Office: 2A, Shakespeare Sarani, Kolkata – 700 071, India
CIN-L31400WB1986PLC091621
Phone : (033) 71006300 Fax : (033) 71006400,
Website: www.ushamartin.com, email : investor@ushamartin.co.in

PRESSMAN

# IFGL REFRACTORIES LIMITED

CIN : L51909OR2007PLC027954
Head & Corporate Office :
McLeod House, 3, Netaji Subhas Road, Kolkata - 700001, West Bengal, India
E-mail : investorcomplaints@ifgl.in, Website : www.ifglref.com

**NOTICE OF EXTRA-ORDINARY GENERAL MEETING OF THE COMPANY AND E-VOTING INFORMATION**

Notice is hereby given that an Extra-Ordinary General Meeting (EGM) of the Members of the Company will be held on Tuesday, 30th August 2022 at 11 AM (IST) through Video Conferencing (VC)/Other Audio Visual Means (OAVM) to transact the business as set out in the Notice convening the EGM. Members will be able to attend and participate in the EGM through VC/OAVM facility only. EGM convened is conforming with the applicable provisions of the Companies Act, 2013 and the Rules framed thereunder ('Act'), Securities and Exchange Board of India (SEBI) (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 (SEBI LODR, 2015) read with the provisions of Circulars dated 8th April, 2020, 13th April, 2020 and 5th May, 2022 issued by the Ministry of Corporate Affairs (collectively referred to as 'MCA Circulars') and Circulars dated 12th May, 2020, 15th January, 2021 and 13th May, 2022 issued by SEBI (collectively referred to as 'SEBI Circulars').

In compliance with the MCA Circulars and SEBI Circulars, Notice of the EGM has been sent on Saturday, 6th August, 2022 only through electronic mode to those members of the Company whose email addresses are registered with the Company/Depository Participant(s). The Notice of EGM is also available on the Company's website at **www.ifglref.com**, on the websites of the Stock Exchanges i.e. BSE Limited and National Stock Exchange of India Limited at **www.bseindia.com** and **www.nseindia.com** respectively and on website of National Securities Depository Limited hereinafter referred to as NSDL (agency for providing the remote e-voting facility and e-voting during the EGM) i.e. **www.evoting.nsdl.com**.

The documents referred to in the Notice of the EGM are available electronically for inspection without any fee by the Members from the date of circulation of the Notice of EGM upto the date of EGM. Members seeking to inspect such documents can send email to **investorcomplaints@ifgl.in**.

**MANNER OF REGISTRATION OF EMAIL ADDRESSES**

Members who have not yet registered their email addresses and phone number are requested to follow the process mentioned below.

a) Members holding shares in physical mode are requested to update their email addresses and phone number by writing to the Registrar & Share Transfer Agent, Maheshwari Datamatics Pvt Ltd/Company at **mdpldc@yahoo.com** and **investorcomplaints@ifgl.in** respectively along with the copy of the signed request letter mentioning the name, folio no., address of the Member, self-attested copy of the PAN card and self-attested copy of any document (e.g. Driving License, Bank Statement, Election Identity Card, Passport, Aadhar Card) in support of the address of the Member).
b) Members holding shares in dematerialized mode are requested to register/update their email addresses and phone number with the relevant Depository Participants.

**REMOTE E-VOTING / E-VOTING**

In compliance with the provisions of Section 108 of the Act read with Rule 20 of the Companies (Management and Administration) Rules, 2014, Secretarial Standards on General Meetings (SS-2) issued by the Institute of Company Secretaries of India and Regulation 44 of the SEBI LODR, 2015, Members have been provided with the facility to cast their votes on all resolutions set forth in the Notice of the EGM using an electronic voting system (Remote e-voting). The Company has engaged the services of NSDL for providing facility for Remote e-voting, participation in the EGM through VC/OAVM and voting at the EGM. Tuesday, 23rd August, 2022 has been fixed as 'Cut-off Date' for determining Members entitled to facility of voting by remote e-voting and for e-voting at said EGM following Regulation 44 of the SEBI LODR, 2015.The voting rights of Members shall be in proportion to the equity shares held by them in the paid-up equity share capital of the Company as on Cut-off date. A person whose name is recorded in the Register of Members or in the Register of Beneficial Owners maintained by the Depositories as on the Cut-off Date only shall be entitled to avail the facility of remote e-voting as well as voting at the EGM.

Manner of Remote e-voting and voting at the EGM by the Members holding shares in the dematerialized mode, physical mode and for members who have not registered their email addresses is provided in the Notice of EGM.

Remote e-voting will commence on Saturday, 27th August, 2022 (9.00 AM) (IST) and end on Monday, 29th August, 2022 (5.00 PM) (IST). Members may cast their votes electronically during this period. The Remote e-voting shall be disabled by NSDL thereafter. Those members, who shall be present in the EGM through VC/OAVM facility and had not cast their votes on the resolutions through Remote e-voting and are otherwise not barred from doing so, shall be eligible to vote through e-voting at the EGM. Once the vote on a resolution will be cast by the Member, the Member shall not be allowed to change it subsequently.

The Members who have cast their votes by Remote e-voting prior to the EGM may also attend/participate in the EGM through VC/OAVM but shall not be entitled to cast their votes again.

Any person who becomes a member of the Company after dispatch of Notice of the EGM and holding shares as on the Cut-off date i.e. Tuesday, 23rd August, 2022 may obtain the User ID and Password by sending a request to **evoting@nsdl.co.in** However, if the member is already registered with NSDL for e-voting then he can use the existing User ID and Password for casting the vote through e-voting.

**Process for those Members whose E-mail IDs are not registered with the Company/ Depositories for procuring User ID and Password and registration of E-mail IDs for Remote E-Voting / E-voting on the resolutions set out in the Notice of EGM, is as follows:**

1. In case shares are held in physical mode, please send details such as Folio No., Member's name, scanned copy of the share certificate (front and back), PAN (self attested scanned copy of PAN card), AADHAR (self attested scanned copy of Aadhar Card) by email to **investorcomplaints@ifgl.in**.
2. In case shares are held in demat mode, please send details of DPID-CLID (16 digit DPID + CLID or 16 digit beneficiary ID). Name, client master or copy of Consolidated Account statement, PAN (self attested scanned copy of PAN card), AADHAR (self attested scanned copy of Aadhar Card) to **investorcomplaints@ifgl.in**.
3. Alternatively, members may send e-mail having details mentioned at point (1) or (2) above as the case may be to **evoting@nsdl.co.in** for obtaining User ID and Password for Remote E-Voting/E-Voting.
4. In terms of SEBI Circular dated 9th December, 2020 on e-Voting facility provided by Listed Companies, Individual shareholders holding securities in demat mode are allowed to vote through their demat account maintained with Depositories and Depository Participants. Shareholders are required to update their mobile number and email ID correctly in their demat account in order to access e-Voting facility.

In case of any queries, Member(s) may refer to the Frequently Asked Questions (FAQs) for members and e-voting user manual for members available in the download section of **https://www.evoting.nsdl.com/** or call on the toll free no.: 1800 1020 990 and 1800 22 44 30 or send a request at **evoting@nsdl.co.in** or contact Mr Amit Vishal, Assistant Vice President/ Ms Pallavi Mhatre, Sr. Manager, NSDL, Trade World, 'A' Wing, 4th Floor, Kamala Mills Compound, Senapati Bapat Marg, Lower Parel, Mumbai-400013.

**By order of the Board**
**For IFGL Refractories Limited**
**R Agarwal**
**Company Secretary**

Kolkata
6th August, 2022

Registered Office: Sector 'B', Kalunga Industrial Estate, P.O. Kalunga - 770031
Dist. Sundergarh, Odisha, India

# A. K. CAPITAL SERVICES LIMITED

BUILDING BONDS

**Registered Office:** 603, 6th Floor, Windsor, Off CST Road, Kalina, Santacruz East, Mumbai - 400098
**Tel:** 91(022) 6754 6500 | **Fax:** 91(022) 6610 0594 | **Email:** compliance@akgroup.co.in | **Website:** www.akgroup.co.in | **CIN**: L74899MH1993PLC274881

**EXTRACT OF UNAUDITED STANDALONE AND CONSOLIDATED FINANCIAL RESULTS FOR THE QUARTER ENDED JUNE 30, 2022**

(₹ In Lakhs except per share data)

| Sr. No. | Particulars | Standalone Quarter ended | | | Standalone Year ended | Consolidated Quarter ended | | | Consolidated Year ended |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | 30-06-2022 | 31-03-2022 | 30-06-2021 | 31-03-2022 | 30-06-2022 | 31-03-2022 | 30-06-2021 | 31-03-2022 |
| | | Unaudited | Unaudited | Unaudited | Audited | Unaudited | Unaudited | Unaudited | Audited |
| 1 | Total income from operations (net) | 2,630.60 | 2,039.61 | 1,827.83 | 8689.01 | 8,875.21 | 8,865.65 | 7,344.08 | 32,289.11 |
| 2 | Net Profit / (Loss) for the period (before tax, Exceptional and/or Extraordinary items) | 922.58 | 879.93 | 607.50 | 3,278.93 | 2,815.06 | 2,692.46 | 2,627.84 | 10,864.36 |
| 3 | Net Profit / (Loss) for the period before tax (after Exceptional and/or Extraordinary items) | 922.58 | 879.93 | 607.50 | 3,278.93 | 2,815.06 | 2,692.46 | 2,627.84 | 10,864.36 |
| 4 | Net Profit / (Loss) for the period after tax (after Exceptional and/or Extraordinary items) | 693.13 | 829.04 | 456.03 | 2,632.15 | 2,099.31 | 2,180.07 | 2,005.51 | 8,300.56 |
| 5 | Total Comprehensive Income for the period [Comprising Profit/(Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax) | 696.10 | 833.95 | 458.21 | 2,632.78 | 2,102.10 | 2,173.31 | 2,007.56 | 8,281.39 |
| 6 | Equity Share Capital | 660.00 | 660.00 | 660.00 | 660.00 | 660.00 | 660.00 | 660.00 | 660.00 |
| 7 | Reserves (excluding Revaluation Reserve as shown in the Balance Sheet of previous year) | | | | 43,446.44 | | | | 75,322.67 |
| 8 | Earnings Per Share (before extraordinary items) (of ₹10/- each) | | | | | | | | |
| | Basic (in ₹) (not annualised) | 10.50 | 12.56 | 6.91 | 39.88 | 31.54 | 32.75 | 30.09 | 124.65 |
| | Diluted (in ₹) (not annualised) | 10.50 | 12.56 | 6.91 | 39.88 | 31.54 | 32.75 | 30.09 | 124.65 |
| 9 | Earnings Per Share (after extraordinary items) (of ₹10/- each) | | | | | | | | |
| | Basic (in ₹) (not annualised) | 10.50 | 12.56 | 6.91 | 39.88 | 31.54 | 32.75 | 30.09 | 124.65 |
| | Diluted (in ₹) (not annualised) | 10.50 | 12.56 | 6.91 | 39.88 | 31.54 | 32.75 | 30.09 | 124.65 |

**Note:** 1) The above is an extract of the detailed format of Quarter ended June 30, 2022 Financial Results filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015. The full format of the Quarter ended June 30, 2022 Financial Results are available on the BSE website at www.bseindia.com and on the website of the company at www.akgroup.co.in

2) The figures reported in the financial results for the quarter ended 31 March 2022 are being the balancing figures between audited figures in respect of the full financial year ended 31 March 2022 and the published unaudited nine months figures upto 31 December 2021, which were subject to limited review by the statutory auditors.

**For A. K. Capital Services Limited**
**Sd/-**
**A. K. Mittal**
**Managing Director**
**DIN:00698377**

**Date: August 6, 2022**
**Place: Mumbai**

# DDEV PLASTIKS INDUSTRIES LIMITED

CIN: U24290WB2020PLC241791
Regd Office: 2B, Pretoria Street, Kolkata – 700 071
Telephone: 91-033-2282 3744/3745/3699/3671,
Fax: 91-033-2282 3739
E-Mail: kolkata@ddevgroup.in Website: www.ddevgroup.in

**EXTRACT OF UNAUDITED FINANCIAL RESULTS FOR THE 01ST QUARTER ENDED 30TH JUNE, 2022.**

Rs. in Lacs (Except per share data)

| Sl No. | PARTICULARS | STANDALONE Quarter ended 30.06.2022 (Un-audited) | Quarter ended 30.06.2021 (Un-audited) | Year ended 31.03.2022 (Audited) |
|---|---|---|---|---|
| 1 | Total Income from Operations | 53712.93 | 50557.12 | 222690.28 |
| 2 | Net Profit/(Loss) for the period (before Tax, Exceptional and /or Extraordinary items) | 1928.03 | 1368.26 | 7559.65 |
| 3 | Net Profit/(Loss) for the period before Tax, (after Exceptional and / or Extraordinary items) | 1928.03 | 1368.26 | 7559.65 |
| 4 | Net Profit/(Loss) for the period after Tax, (after Exceptional and /or Extraordinary items) | 1432.01 | 1063.13 | 5478.09 |
| 5 | Total comprehensive income for the period (Comprising profit/(loss) for the period (after tax) and other comprehensive income (after tax)) | 1432.01 | 1063.13 | 5443.01 |
| 6 | Net Profit after Tax and Share of Profit of Subsidiary/ Associate | 1432.01 | 1063.13 | 5443.01 |
| 7 | Equity Share Capital | 940.73 | 940.73 | 940.73 |
| 8 | Reserves (excluding Revaluation Reserve) as shown in Audited Balance Sheet of the previous year | | | 38249.20 |
| 9 | Earnings per share (of Rs. 2/- each) (for continuing and discontinuing operations) | | | |
| | Basic: | 1.52 | 1.13 | 5.82 |
| | Diluted: | 1.52 | 1.13 | 5.82 |

**Notes :**
1) The above is an extract of the detailed format of Un-audited Financial Results for the 01st quarter ended 30th June, 2022 filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing Obligation and Disclosure Requirements) Regulation, 2015. The full format of the Un-audited Financial Results for the 01st quarter ended 30th June, 2022 are available on the website of BSE Ltd at www.bseindia.com & Calcutta Stock Exchange Limited at www.cse-india.com and that of the Company at www. ddevgroup.in
2) The Un-audited Financial Results for the 01st quarter ended 30th June, 2022 have been reviewed by the audit committee and have also been approved by the Board of Directors at their respective meeting held on 06th August, 2022. The statutory Auditor has given Limited Review Report for the above financial results
3) The company is engaged primarily in the business of different grades of plastic compounds which constitute single reporting segment. Accordingly, the company is a single segment company in accordance with "Indian Accounting Standards 108 Operating Segment".
4) The figures for the corresponding previous period has been re-grouped / re- classified wherever necessary, to conform to the current period figures and to give impact of accounting adjustment arising pursuant to the scheme of Demerger which has been approved by the Honorable National Company Law Tribunal ("NCLT"), vide its order dated 4th March 2022 with Appointed Date 1st April 2021 and effective from 01st April 2022 on filing with the Registrar of Companies.
5) The equity shares of the company has been listed on Bombay Stock Exchange on 26th July, 2022
6) The Board of Directors had, at its meeting held on 28th May, 2022, recommended for the approval of members of the Company the payment of final dividend @ 24% i.e. Rs. 0.24p per equity share of Re. 1/- each on 9,40,72,930 Equity Shares for the year ended 31st March, 2022. Total outflow for dividend shall absorb a sum of Rs. 225.77 lacs.

**For Ddev Plastiks Industries Limited**
**Sd/-**
**Ddev Surana**
**(DIN: 08357094)**
**Whole Time Director**

Place : Kolkata
Date: 06th August, 2022

# HITECH CORPORATION LIMITED

**CIN No. L28992MH1991PLC168235**
**Regd. Office: 201,2nd Floor, Welspun House, Kamala City, Senapati Bapat Marg, Lower Parel (W), Mumbai-400 013. Tel: +9122 40016500/24816500 I Fax: +9122 24955659**
**www.hitechgroup.com | Email: investor.help@hitechgroup.com.**

**EXTRACT OF AUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER ENDED JUNE 30, 2022**

₹ in lakhs

| Sr. No. | Particulars | Quarter Ended 30.06.2022 Audited | Quarter Ended 31.03.2022 Audited | Quarter Ended 30.06.2021 Audited | Year Ended 31.03.2022 Audited |
|---|---|---|---|---|---|
| 1 | Total income from operations | 14,839.37 | 15,005.37 | 13,069.48 | 58,845.52 |
| 2 | Net Profit for the period before tax and exceptional item | 849.25 | 1,159.82 | 816.25 | 4,044.59 |
| 3 | Exceptional Items [ (Charge) / Credit ] | - | - | 198.05 | 994.09 |
| 4 | Net Profit for the period before tax (after exceptional item) | 849.25 | 1,159.82 | 1,014.30 | 5,038.68 |
| 5 | Net Profit for the period after tax | 634.07 | 834.27 | 749.74 | 3,739.66 |
| 6 | Total Comprehensive Income for the period | 608.34 | 831.08 | 694.97 | 3,659.36 |
| 7 | Paid-up Equity Share Capital (Face Value of ₹ 10 per Share) | 1,717.57 | 1,717.57 | 1,717.57 | 1,717.57 |
| 8 | Reserves (excluding Revaluation Reserve) as at Balance Sheet Date | | | | 19,977.59 |
| 9 | Earnings Per Share (of ₹ 10 /- each ) (not annualised) | | | | |
| | Basic | 3.69 | 4.86 | 4.37 | 21.77 |
| | Diluted | 3.69 | 4.86 | 4.37 | 21.77 |

**Notes:**
1. The above is an extract of the detailed format of Quarterly/Annual Financial Results filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, as amended. The full format of the Quarterly/ Annual Financial Results are available on Company's Website (http://www.hitechgroup.com) and on the website of the National Stock Exchanges of India Ltd. (www.nseindia.com) and BSE Ltd. (www.bseindia.com).
2. The above audited financial results which are published in accordance with Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements), 2015, as amended have been reviewed and recommended by the Audit Committee and approved by the Board of Directors of the Company at their respective meetings held on August 6, 2022.
3. The above financial results are in accordance with the Indian Accounting Standards, the (Ind-AS) as prescribed under section 133 of the Companies Act, 2013, read with Companies (Indian Accounting Standards) Rules, 2015 (as amended).
4. Details of exceptional items [(Charge) / Credit] are listed below:

₹ in lakhs

| | Particulars | Quarter Ended Audited 30.06.2022 | Quarter Ended Audited 31.03.2022 | Quarter Ended Audited 30.06.2021 | Year Ended Audited 31.03.2022 |
|---|---|---|---|---|---|
| a. | Insurance Claim Received | - | - | 198.05 | 198.05 |
| b. | Profit on Sale of Property | - | - | - | 796.04 |
| | **Total** | **-** | **-** | **198.05** | **994.09** |

a. During the quarter ended June 30, 2021 a sum of ₹ 198.05 lakhs received from insurance company in full and final settlement of its claim for damages due to flood at Baddi plant being a non recurring event, it has been considered as an exceptional item.
b. During year ended March 31, 2022, the Company sold one of the property at Naroli. The profit on sale of property amounting to ₹ 796.04 lakhs being a non-recurring event has been considered as an exceptional item.

5. The Code on Social Security, 2020 ('Code') relating to employee benefits during employment and post-employment received Presidential assent in September 2020. The Code has been published in the Gazette of India, however, the date on which the Code will come into effect has not been notified. The Company will assess the impact of the Code when it comes into effect and will record any related impact in the period when the Code becomes effective.
6. The Board of Directors had, subject to approval by shareholders in the ensuing Annual General Meeting, recommended a dividend of ₹ 1.00 per share (at the rate of 10 %), on the equity shares of the Company for the year ended March 31, 2022. The same was approved by the shareholders at the Annual General Meeting held on July 16, 2022 and paid on July 20, 2022.
7. The figures for the quarter ended March 31, 2022, are balancing figures between audited figures in respect of the full financial year 2021-22 and the cumulative figures up to the third quarter of that year.
8. Previous period figures have been regrouped and reclassified wherever necessary.

**By Order of the Board of Directors**
**For HITECH CORPORATION LIMITED**

**Malav Dani**
**Managing Director**
**DIN: 01184336**

**Mumbai**
**August 6, 2022**

हिन्दुस्तान पेट्रोलियम

# हिन्दुस्तान पेट्रोलियम कॉर्पोरेशन लिमिटेड

# HINDUSTAN PETROLEUM CORPORATION LIMITED

## (A Maharatna Company)

Azadi Ka Amrit Mahotsav

**REGISTERED OFFICE : 17, JAMSHEDJI TATA ROAD, MUMBAI - 400 020**
**Website : www.hindustanpetroleum.com, E-mail: corphqo@hpcl.in, CIN No: L23201MH1952GOI008858**

**EXTRACT OF THE STANDALONE AND CONSOLIDATED UNAUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER ENDED 30th JUNE, 2022**

(₹ in Crore)

| Particulars | Standalone Results | | | Consolidated Results | | |
|---|---|---|---|---|---|---|
| | Quarter Ended | | Year Ended | Quarter Ended | | Year Ended |
| | 30.06.2022 | 30.06.2021 | 31.03.2022 | 30.06.2022 | 30.06.2021 | 31.03.2022 |
| | Un-Audited | Un-Audited | Audited | Un-Audited | Un-Audited | Audited |
| Total Income from Operations | 121,448.81 | 77,585.51 | 373,896.74 | 121,496.45 | 77,633.63 | 374,126.99 |
| Net Profit / (Loss) for the period (before Tax and Exceptional items) | (13,581.97) | 2,396.85 | 8,203.70 | (11,931.03) | 2,654.54 | 9,143.62 |
| Net Profit / (Loss) for the period before tax (after Exceptional items) | (13,581.97) | 2,396.85 | 8,203.70 | (11,931.03) | 2,654.54 | 9,143.62 |
| Net Profit / (Loss) for the period after tax (after Exceptional items) | (10,196.94) | 1,795.00 | 6,382.63 | (8,557.12) | 2,003.90 | 7,294.23 |
| Total Comprehensive Income for the period [comprising Profit / (Loss) for the period (after Tax) and Other Comprehensive Income (after Tax)] | (10,569.36) | 1,878.46 | 6,683.14 | (8,999.40) | 2,044.94 | 7,515.59 |
| Reserves (excluding Revaluation Reserves) | | | 37,258.10 | | | 39,985.27 |
| Paid up Equity Share Capital (Face value ₹ 10/- each) | 1,418.55 | 1,418.55 | 1,418.55 | 1,418.55 | 1,418.55 | 1,418.55 |
| Basic and Diluted Earnings Per Share (₹) (of ₹ 10/- each) (not annualised) | (71.88) | 12.60 | 44.94 | (60.32) | 14.06 | 51.36 |
| Net Worth | 28,186.44 | 37,107.39 | 38,677.04 | 32,483.57 | 39,168.62 | 41,404.21 |
| Outstanding Debt | 47,282.52 | 35,196.11 | 43,192.91 | 49,307.28 | 36,044.61 | 44,978.73 |
| Capital Redemption Reserve | 105.27 | 105.27 | 105.27 | 106.83 | 106.83 | 106.83 |
| Debenture Redemption Reserve | 625.00 | 625.00 | 625.00 | 757.60 | 775.43 | 756.08 |
| Debt Equity Ratio (Times) | 1.68 | 0.95 | 1.12 | 1.52 | 0.92 | 1.09 |
| Debt Service Coverage Ratio (Times) | (9.91) | 3.86 | 2.20 | (7.83) | 4.07 | 2.36 |
| Interest Service Coverage Ratio (Times) | (17.09) | 5.97 | 6.04 | (14.27) | 6.38 | 6.36 |

**Notes :**
1) The above is an extract of the detailed format of Quarterly Financial Results filed with the Stock Exchanges under Regulation 33 and 52 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015. The full format of the Quarterly Financial Results is available on the Company's Webpage (http://www.hindustanpetroleum.com/financial) and Stock Exchange websites (www.bseindia.com) & (www.nseindia.com).
2) Previous period figures have been regrouped/reclassified, wherever necessary.

**By order of the Board**
**Hindustan Petroleum Corporation Ltd.**
**sd/-**
**Rajneesh Narang**
**Director – Finance**
**DIN - 08188549**

**Place : New Delhi**
**Date : August 06, 2022**

स्वच्छ भारत एक कदम स्वच्छता की ओर
/hpcl | /hpcl | /hpcl
www.hindustanpetroleum.com
Wear reusable face cover or mask
Wash hands frequently and thoroughly
2 Gaj ki Doori (6 feet)
Maintain Physical Distance